

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৫৬

পর্ব-১৩: বিবাহ (النِكَاح)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - বিয়ের প্রচার, প্রস্তাব ও শর্তাবলী প্রসঙ্গে

আরবী

وَعَنْ سَمْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِيْمَا امْرَأٌ زَوْجَهَا وَلِيَانٍ فَهِيَ لِلْأَوَّلِ مِنْهُمَا وَمَنْ بَاعَ بَيْعًا مِنْ رَجُلَيْنِ فَهُوَ لِلْأَوَّلِ مِنْهُمَا». رَوَاهُ التَّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدْ وَالنَّسَائِيُّ وَالْدَارْمِيُّ

বাংলা

৩১৫৬-[১৭] সামুরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোনো মেয়েকে যদি তার দু'জন ওয়ালী (অভিভাবক) বিবাহ সম্পাদন করে (যা দু'জনের অজানা অবস্থায় ভিন্ন ভিন্ন হয়), তাহলে প্রথমজনের (বিয়ে) সঠিক হবে। অনুরূপ কোনো পণ্যদ্রব্য দু'জনের নিকট বিক্রি করলে প্রথমজনের (বিক্রি) বৈধ হবে। (তিরমিয়ী, আবু দাউদ, নাসায়ী, দারিমী)[1]

ফুটনোট

[1] যাঁফ : আবু দাউদ ২০৮৮, নাসায়ী ৪৬৮২, তিরমিয়ী ১১১০, আহমাদ ২০০৮৫, দারিমী ২২৩৯, যাঁফ আল জাম' ২২২৪। কারণ হাসান (রহঃ) সামুরাহ্ (রাঃ)-এর সাক্ষাৎ পাননি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম তিরমিয়ী হাদীসটি বর্ণনা করার পর বলেন, এ হাদীসের উপরেই বিদ্বানদের ‘আমল রয়েছে। এ মর্মে তাদের মাঝে কোনো মতপার্থক্য আছে, এটা আমার জানা নেই। সুতরাং দু'জন ওয়ালী যখন আগপিষ্ঠ করে এক মহিলাকে বিবাহ দিবে তখন প্রথম বিবাহ কার্যকর হবে আর দ্বিতীয়টি বাতিল হবে। আর উভয় ওয়ালী এক সঙ্গে বিবাহ দিলে উভয়টি বাতিল হয়ে যাবে। আর এটাই আস্ত সাওরী, আহমাদ ও ইসহকসহ প্রমুখগণের মত। (‘আওনুল মাবুদ ৪ৰ্থ খন্দ, হাঃ ২০৮৮)

হাদিসের মান: যাঁফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68483>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন